# সাপ্তাহিক ম্যাগাজিন

পশ্চিমবঙ্গের No. 1 জব নিউজ পোর্টাল exambangla.com -এর একটি উদ্যোগ।

19 অক্টোবর, 2025 • 84 তম সংস্করণ • চাকরির খবর • শিক্ষার খবর • কারেন্ট অ্যাফেয়ার্স


## কেন্দ্রীয় আধা সেনাবাহিনীতে ৩৯১ শূন্যপদে নিয়োগ

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা:** কেন্দ্রীয় আধা সেনাবাহিনীতে যুক্ত হওয়ার সুযোগ এনে দিয়েছে বর্ডার সিকিউরিটি ফোর্স বা বিএসএফ। সংস্থার তরফে কনস্টেবল (জিডি) স্পোর্টস পারসন পদে নিয়োগের জন্য নতুন বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। মোট ৩৯১টি শূন্যপদে পুরুষ ও মহিলা উভয় প্রার্থী আবেদন করতে পারবেন। এই পদগুলির জন্য খেলাধুলায় সক্রিয় প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। নিয়োগটি গ্রুপ সি ক্যাটাগরির অধীনে হবে। আগ্রহী প্রার্থীরা কেন্দ্রীয় সরকারের অধীনে স্থায়ী চাকরির সুযোগ পেতে পারেন। আবেদনকারীর বয়স হতে হবে ন্যূনতম ১৮ বছর এবং সর্বোচ্চ ২৩ বছরের মধ্যে। সংরক্ষিত শ্রেণীর প্রার্থীরা সরকারি নিয়ম অনুযায়ী বয়সের ক্ষেত্রে ছাড় পাবেন। শিক্ষাগত যোগ্যতা হিসেবে স্বীকৃত বোর্ড থেকে মাধ্যমিক পাস প্রার্থীরাই আবেদন করতে পারবেন। প্রতিটি প্রার্থীর অবশ্যই নির্দিষ্ট খেলাধুলায় অংশগ্রহণের যোগ্যতা থাকতে হবে, যা অফিসিয়াল বিজ্ঞপ্তিতে বিস্তারিতভাবে উল্লেখ রয়েছে। পুরুষ প্রার্থীদের উচ্চতা ন্যূনতম ১৭০ সেমি এবং মহিলা প্রার্থীদের ১৫৭ সেমি হতে হবে। নির্দিষ্ট শ্রেণীর প্রার্থীদের জন্য উচ্চতার ক্ষেত্রে কিছুটা ছাড় প্রযোজ্য। এই পদে কোনও লিখিত পরীক্ষা নেওয়া হবে না। প্রার্থীদের ডকুমেন্ট যাচাই, শারীরিক যোগ্যতা পরীক্ষা ও মেডিকেল পরীক্ষার মাধ্যমে বাছাই করা হবে। নিযুক্ত প্রার্থীরা তৃতীয় বেতন স্তর অনুযায়ী প্রতি মাসে ২১,৭০০ থেকে ৬৯,১০০ পর্যন্ত বেতন পাবেন। পাশাপাশি কেন্দ্রীয় সরকারের অন্যান্য ভাতা ও সুযোগ সুবিধাও পাবেন। আবেদন প্রক্রিয়া সম্পূর্ণ অনলাইন মাধ্যমে সম্পন্ন হবে। প্রার্থীরা অফিসিয়াল ওয়েবসাইট www.rectt.bsf.gov.in -এ গিয়ে আবেদন করতে পারবেন। আবেদন শুরু হবে ১৬ অক্টোবর ২০২৫ থেকে এবং চলবে ৪ নভেম্বর ২০২৫ পর্যন্ত। এই নিয়োগের বিস্তারিত আপডেট exambangla.com ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে।

### ভারতীয় পোস্ট অফিসে গ্রামীণ ডাক সেবক নিয়োগ

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা:** কেন্দ্রীয় সরকারের অধীনস্থ ইন্ডিয়া পোস্ট পেমেন্ট ব্যাংকের তরফে গ্রামীণ ডাক সেবক একজিকিউটিভ পদে বিপুল সংখ্যক শূন্যপদে নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। মোট শূন্য পদের সংখ্যা- ৩৪৮ টি, যার মধ্যে পশ্চিমবঙ্গ রাজ্যে ১২টি পদে নিয়োগ হবে। উল্লেখযোগ্য বিষয় হলো, এই পদে কোনো লিখিত পরীক্ষা বা ইন্টারভিউ ছাড়াই প্রার্থীদের নির্বাচন করা হবে। সম্পূর্ণ নিয়োগ প্রক্রিয়া হবে যোগ্যতা এবং নথি যাচাইয়ের মাধ্যমে।

*পরের পাতায়






### কারেন্ট অ্যাফেয়ার্স

- বিশ্ব মানসিক স্বাস্থ্য দিবস পালন করা ১০ই অক্টোবর; এ বছরের থিম হলো- "Access to Services – Mental Health in Catastrophes and Emergencies"।
- Expanding Social Security Coverage-এর জন্য ISSA Award-এ সম্মানিত হলো ভারত।
- Capgemini India-এর নতুন CEO হিসেবে নিযুক্ত হলেন সঞ্জয় চালকে।
- দীপাবলির জাতীয় ছুটি ঘোষণা করলো ক্যালিফোর্নিয়া।
- Tamil Nadu Scientist Award (TANSA) 2022-এ ভূষিত হলেন
- Bharathidasan University (BDU)-এর সামাজিক বিজ্ঞান বিভাগের অধ্যাপক এবং চেয়ারম্যান ড. আর্থি জয়স।
- "They Will Shoot You, Madam: My Life Through Conflict" শিরোনামে প্রকাশিত হলো সাংবাদিক হারিন্দর বাউজোয়ার স্মৃতিচারণা।
- সম্প্রতি ৮৯ বছর বয়সে মারা গেলেন পদ্মভূষণ পুরস্কারপ্রাপ্ত হিন্দুস্তানি শাস্ত্রীয় সংগীতশিল্পী ছানুলাল মিশ্র।
- College of Defence Management (CDM), Secunderabad-এর কমান্ডেন্ট হিসেবে দায়িত্ব গ্রহণ করলেন মেজর জেনারেল জি. শ্রীনিবাস।
- World Weightlifting Championships 2025-এ রূপসা জিতলেন মীরাবাই চানু।
- Commerce Secretary হিসেবে দায়িত্ব গ্রহণ করলেন সিনিয়র IAS অফিসার রাজেশ আগরওয়াল।

পদটির নাম গ্রামীণ ডাক সেবক একজিকিউটিভ, যেখানে কাজের ক্ষেত্র হবে গ্রামীণ অঞ্চলে ডাক সেবার সঙ্গে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করা। এই পদে আবেদনকারীদের জন্য রাজ্যভেদে শূন্যপদ নির্ধারিত হয়েছে। শিক্ষাগত যোগ্যতা হিসেবে এই পদে আবেদন করতে হলে প্রার্থীকে স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান থেকে যেকোনো বিষয়ে স্নাতক বা গ্র্যাজুয়েট হতে হবে। কোনো পূর্ব অভিজ্ঞতার প্রয়োজন নেই, অর্থাৎ নবীন প্রার্থীরাও সুযোগ পাবেন আবেদন করার। বয়সসীমা নির্ধারণ করা হয়েছে ন্যূনতম ২০ বছর এবং সর্বোচ্চ ৩৫ বছর। প্রার্থীর বয়স গণনা করা হবে ০১ আগস্ট, ২০২৫ তারিখের ভিত্তিতে। সরকার নির্ধারিত নিয়ম অনুযায়ী সংরক্ষিত শ্রেণির প্রার্থীরা বয়সে ছাড় পাবেন। আবেদনে দেওয়া শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে অর্থাৎ গ্র্যাজুয়েশনে প্রাপ্ত নম্বরের উপর নির্ভর করেই একটি মেধা তালিকা প্রস্তুত করা হবে। সেই তালিকার মাধ্যমেই প্রার্থীদের নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হবে। সম্পূর্ণ অনলাইন প্রক্রিয়ার মাধ্যমেই আবেদন জানাতে হবে। আবেদন জমা দেওয়ার জন্য প্রার্থীদের ইন্ডিয়া পোস্ট পেমেন্ট ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইট www.ippbonline.com-এ গিয়ে নির্দিষ্ট ফর্ম পূরণ করে জমা দিতে হবে। আবেদন করার শেষ তারিখ নির্ধারিত হয়েছে ২৯ অক্টোবর, ২০২৫। এই নিয়োগের বিস্তারিত আপডেট exambangla.com ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে।

## কেন্দ্রীয় সরকারি সেনাবাহিনীতে কর্মী নিয়োগ

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা:** ভারতীয় টেরিটোরিয়াল আর্মি (TA)-তে মোট ৭১৬টি শূন্যপদে সেনা (Soldier) নিয়োগের একটি গুরুত্বপূর্ণ বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। নিয়োগটি বিশেষভাবে ১০০ ইনফ্যান্ট্রি ব্যাটালিয়ন (TA)-এর অধীনে পরিচালিত হবে। এটি মূলত হরিয়ানা রাজ্য ও দিল্লি অঞ্চলের স্থায়ী বাসিন্দাদের (Domicile) লক্ষ্য করে আয়োজিত হচ্ছে। আগ্রহী ও যোগ্য প্রার্থীদের জন্য একটি সুসংগঠিত নিয়োগ র‍্যালির আয়োজন করা হয়েছে। এই পদে আবেদনের জন্য প্রার্থীর ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হলো মাধ্যমিক (10th Pass) পাশ। তবে, মাধ্যমিক পরীক্ষায় প্রার্থীকে অবশ্যই কমপক্ষে ৪৫ শতাংশ মোট নম্বর নিয়ে উত্তীর্ণ হতে হবে। পাশাপাশি, প্রতিটি বিষয়ে ন্যূনতম ৩৩ শতাংশ নম্বর থাকা আবশ্যক বলে জানানো হয়েছে। ১৮ বছর বয়স থেকে শুরু করে সর্বোচ্চ ৪২ বছর পর্যন্ত বয়সের প্রার্থীরা এখানে আবেদন করতে পারবেন। সংরক্ষিত শ্রেণীর প্রার্থীদের জন্য সরকারি নিয়ম অনুযায়ী বয়সের ঊর্ধ্বসীমায় বিশেষ ছাড়ের ব্যবস্থা রাখা হয়েছে। নিয়োগ পদ্ধতিটি একটি সুনির্দিষ্ট র‍্যালির মাধ্যমে পরিচালিত হবে এবং এর জন্য কোনো অনলাইন আবেদন নেই। প্রথমেই র‍্যালির স্থানে প্রয়োজনীয় নথি সহ উপস্থিত হয়ে ডকুমেন্ট ভেরিফিকেশন করাতে হবে। এরপর অংশগ্রহণকারী প্রার্থীদের ফিজিক্যাল ফিটনেস পরীক্ষা (PFT)-তে উত্তীর্ণ হতে হবে। শারীরিক পরীক্ষায় সফল প্রার্থীরাই পরবর্তী ধাপ, অর্থাৎ লিখিত পরীক্ষায় বসার সুযোগ পাবেন। লিখিত পরীক্ষার পর চূড়ান্তভাবে নির্বাচিতদের জন্য মেডিকেল পরীক্ষা সম্পন্ন করা হবে। নিয়োগ র‍্যালির প্রক্রিয়াটি আগামী ২৮ নভেম্বর (সম্ভাব্য তারিখ) থেকে শুরু হওয়ার কথা রয়েছে। র‍্যালির স্থানটি হলো 105 Infantry Battalion (TA) RAJRIF, Delhi। আগ্রহী প্রার্থীদেরকে বাসস্থানের সার্টিফিকেট, শিক্ষাগত যোগ্যতার আসল প্রমাণপত্র, আধার ও প্যান কার্ডসহ মোট ২০টি ছবি সঙ্গে রাখতে হবে। এই নিয়োগের বিস্তারিত আপডেট exambangla.com ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে।

## ভারতীয় রেলে বিভিন্ন যোগ্যতায় কর্মী নিয়োগ

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা:** নর্থ সেন্ট্রাল রেলওয়ে (RRC NCR) স্পোর্টস কোটায় কর্মী নিয়োগের যে বিজ্ঞপ্তি প্রকাশ করেছে, তা ভারতীয় রেলে খেলাধুলার মাধ্যমে কর্মসংস্থান লাভের এক দারুণ সুযোগ সৃষ্টি করেছে। খেলাধুলার সঙ্গে যুক্ত রাজ্যের চাকরিপ্রার্থীদের জন্য এটি এক বিশাল সুখবর, কারণ এই নিয়োগ প্রক্রিয়ায় মোট ৪৬টি শূন্যপদের ঘোষণা করা হয়েছে। আগ্রহী ও যোগ্য প্রার্থীরা কেবল নর্থ সেন্ট্রাল রেলওয়ের অফিসিয়াল ওয়েবসাইট www.rrcpryj.org -এর মাধ্যমে অনলাইনে আবেদন করতে পারবেন।

*পরের পাতায়

## কারেন্ট অ্যাফেয়ার্স

- আন্তর্জাতিক কন্যা শিশু দিবস পালন করা হয় ১১ই অক্টোবর; এ বছরের থিম হলো- "The girl I am, the change I lead: Girls on the frontlines of crisis"।
- সাহিত্যে ২০২৫ নোবেল পুরস্কার পাচ্ছেন হাঙ্গেরিয়ান লেখক Laszlo Krasznahorkai।
- মহারাষ্ট্রের Navi Mumbai International Airport-এর আনুষ্ঠানিক নাম ঘোষণা করা হলো- Loknete Dinkar Balu (DB) Patil Navi Mumbai International Airport।
- Defence Estates-এর ডিরেক্টর জেনারেল হিসেবে দায়িত্ব গ্রহণ করলেন অমিত শোঠা।
- কোরবায় তাদের প্রথম সম্পূর্ণ মহিলা-পরিচালিত সেলোন স্টোর হায়দরাবাদে চালু করলো Coal India।
- Traveller Feedback-এর জন্য পর্যটন মন্ত্রকের সাথে পার্টনারশিপ করলো Thomas Cook India।
- 42nd ICAO Assembly Session অনুষ্ঠিত হলো কানাডার মন্ট্রিয়ালে।
- World Social Security Forum (WSSF) 2025 অনুষ্ঠিত হলো মালয়েশিয়ার কুয়ালালামপুরে।
- রাজস্থানের প্রথম Namo Biodiversity Park উদ্বোধন করা হলো আজমেড়-এ।
- ভারতের পশ্চিম উপকূল 'KONKAN-25' দ্বিপাক্ষিক নৌ মহড়া পরিচালিত হচ্ছে ভারত-যুক্তরাজ্য দেশের মধ্যে।
- বিশ্ব বাসস্থান দিবস প্রতি বছর অক্টোবর মাসের প্রথম সোমবার পালিত হয়।
- সাহিত্যে ২০২৫ নোবেল পুরস্কার পাচ্ছেন ভেনেজুয়েলার Maria Corina Machado।



আবেদনকারীর বয়সসীমা ১৮ থেকে ২৫ বছরের মধ্যে নির্ধারিত হয়েছে, তবে সরকারি নিয়ম অনুযায়ী সংরক্ষিত শ্রেণীর প্রার্থীরা বয়সের ছাড় পাবেন। শূন্যপদ ও বেতনক্রম তিনটি স্তরে বিভক্ত, যেখানে লেভেল-০১ (GP ১৮০০/-) এর ২২টি পদের জন্য দশম শ্রেণী পাস বা আইটিআই/এনএসি যোগ্যতা প্রয়োজন; অন্যদিকে লেভেল-০২/০৩ (GP ১৯০০/২০০০ টাকা) এর ১৭টি পদের জন্য দ্বাদশ শ্রেণী পাস অথবা ম্যাট্রিকুলেশন সহ অ্যাপ্রেন্টিসশিপ/আইটিআই/ডিপ্লোমা প্রয়োজন। সর্বোচ্চ লেভেল-০৪/০৫ (GP ২৪০০/২৮০০ টাকা) এর ৭টি পদের জন্য যেকোনো বিষয়ে স্নাতক ডিগ্রি থাকা আবশ্যক। বাস্কেটবল পদের ক্ষেত্রে প্রার্থীদের ন্যূনতম ৬ ফুট উচ্চতা থাকতে হবে। আবেদনের সময় সকল ব্যক্তিগত ও প্রয়োজনীয় তথ্য অনলাইনে সঠিকভাবে পূরণ করতে হবে। আবেদন মূল্য হিসেবে সাধারণ প্রার্থীদের ৫০০ টাকা (পরীক্ষায় অংশগ্রহণ করলে ৪০০ টাকা ফেরত) এবং এসসি/এসটি/মহিলা/সংখ্যালঘু ও ইডব্লিউএস প্রার্থীদের ২৫০ টাকা জমা দিতে হবে। প্রার্থীদের নির্বাচন করা হবে মূলত পরীক্ষা ও তাদের ক্রীড়া সাফল্যের মূল্যায়নের উপর ভিত্তি করে, এবং যারা এই পরীক্ষায় সফল হবেন, কেবল তারাই নিয়োগ প্রক্রিয়ার পরবর্তী পর্যায়ে বিবেচিত হবেন। বিস্তারিত আপডেট exambangla.com ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে।

# সরকারি বিদ্যালয়ে গ্রুপ সি ও গ্রুপ ডি কর্মী নিয়োগ

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা:** পশ্চিমবঙ্গ স্কুল সার্ভিস কমিশন (WBSSC) কর্তৃক সরকারি সাহায্যপ্রাপ্ত বিদ্যালয়গুলিতে গ্রুপ সি (Group C) ও গ্রুপ ডি (Group D) পদে কর্মী নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। বিপুল সংখ্যক চাকরিহারা প্রার্থীদের পুনরায় সুযোগ দিতে এই স্টেট লেভেল সিলেকশন টেস্ট ২০২৫ (SLST-২০২৫)-এর আয়োজন করা হয়েছে। এই নিয়োগের মাধ্যমে মোট ৮৮৭৭টি শূন্যপদ পূরণ করা হবে। কমিশনের অফিসিয়াল ওয়েবসাইট www.westbengalssc.com-এর মাধ্যমে সম্পূর্ণ অনলাইন পদ্ধতিতে আবেদন করতে পারবেন। শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে, গ্রুপ সি কর্মী (ক্লার্ক) পদের জন্য আবেদনকারীকে স্বীকৃত বোর্ড থেকে মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। অন্যদিকে, গ্রুপ ডি কর্মী পদের জন্য ন্যূনতম অষ্টম শ্রেণী পাস হলেই আবেদন করা যাবে। উভয় পদের জন্যই আবেদনকারীর বয়স ১৮ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। তবে সরকারি নিয়ম অনুসারে সংরক্ষিত শ্রেণীর প্রার্থীরা বয়সের ঊর্ধ্বসীমায় ছাড় পাবেন। নিয়োগ প্রক্রিয়াটি মূলত লিখিত পরীক্ষার মাধ্যমে সম্পন্ন হবে। এই লিখিত পরীক্ষায় কোনো নেগেটিভ মার্কিং থাকবে না। প্রশ্নপত্র বাংলা এবং ইংরেজি উভয় ভাষাতেই প্রস্তুত করা হবে। পরীক্ষার সঠিক সিলেবাস কমিশন পরবর্তীতে তাদের ওয়েবসাইটে আপলোড করবে। আবেদনপত্র পূরণের সময় সমস্ত ব্যক্তিগত তথ্য মাধ্যমিক পরীক্ষার সার্টিফিকেট/অ্যাডমিট কার্ড অনুযায়ী নির্ভুলভাবে পূরণ করতে হবে। এই নিয়োগের বিস্তারিত আপডেট exambangla.com ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে।






## কারেন্ট অ্যাফেয়ার্স

- BWF World Junior Championships 2025 অনুষ্ঠিত হচ্ছে গুয়াহাটিতে।
- মাদাগাস্কারের নতুন প্রধানমন্ত্রী হিসেবে নিযুক্ত হলেন Ruphin Fortunat Zafisambo।
- 2023 NCRB -এর রিপোর্ট অনুযায়ী ভারতের সবচেয়ে নিরাপদ শহর হলো কলকাতা।
- World Para Athletics Championships 2025-এ ২২টি পদক জিতেছে ভারত।
- United Nations Troop Contributing Countries' (UNTCC) Chiefs' Conclave 2025 অনুষ্ঠিত হবে নিউ দিল্লিতে।
- দক্ষিণ-পূর্ব এশিয়ার প্রথম Coral Cryobank চালু করলো ফিলিপাইন।
- লাদাখে ১৯,৪০০ ফুট উচ্চতায় বিশ্বের সর্বোচ্চ মোটরযান চলাচলের রাস্তা তৈরি করলো BRO।
- English Premier League (EPL) India-এর অফিসিয়াল অ্যাম্বাসেডর হিসেবে নিযুক্ত হলেন ভারতীয় ক্রিকেটার সঞ্জু স্যামসন।
- ভারতের প্রথম Cooperative Multi-Feed Compressed Biogas (CBG) Plant উদ্বোধন করা হলো মহারাষ্ট্রে।
- গোয়াতে "Mhaje Ghar" প্রকল্পের উদ্বোধন করলেন কেন্দ্রীয় মন্ত্রী অমিত শাহ।
- ৪টি রাজ্যে ২৪,৬৩৪ কোটি টাকার Railway Multitracking Project অনুমোদন করল মন্ত্রিসভা।
- Assam's Bodoland Territorial Council (BTC)-এর Chief Executive Member (CEM) হিসেবে শপথ নিলেন BPF প্রেসিডেন্ট হাগ্রামা মোহিলারী।
- Viksit Bharat Buildathon 2025-এর ব্র্যান্ড অ্যাম্বাসেডর হিসেবে নিযুক্ত হলেন প্রফ. ক্যাপ্টেন শুভাংশু শর্মা।
- 2025 Singapore Grand Prix জিতলেন George Russell।
- পুরীতে "Gyana Yagnya Mandap" নামে একটি ডিজিটাল লাইব্রেরি স্থাপন করল ওড়িশা সরকার।
- Gold Exchange-Traded Funds Globally-এ ষষ্ঠ বৃহত্তম বিনিয়োগকারী হয়েছে ভারত।
- দিল্লিতে 8th International Solar Alliance Assembly হোস্ট করবে ভারত।
- World Standards Day পালন করা হয় ১৪ই অক্টোবর।
- অর্থনীতিতে ২০২৫ নোবেল পুরস্কার পাচ্ছেন Joel Mokyr, Philippe Aghion এবং Peter Howitt।
- প্রথম ভারতীয় হিসেবে Mrs Universe জিতলেন শেরি সিং।
- সম্প্রতি ভারতে ক্যাম্পাস খুলবে UK Universities।
- সম্প্রতি 'My Business QR' লঞ্চ করল HDFC Bank।
- RBI-এর নতুন Executive Director হিসেবে নিযুক্ত হলেন সোনালী সেন গুপ্ত।

Exam বাংলা™
PUBLICATION

# WBSSC

# গ্রুপ-সি ও গ্রুপ-ডি

## Ultimate Guide Book




সিলেবাস 100% কভারেজ

BUY NOW

Coupon Code EB10

Coupon: EB10

Order Now »»»

FREE DELIVERY
FREE DELIVERY
FREE DELIVERY